

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.৪২.০০৯.১৮-

তারিখ:-----খ্রি.

বিষয়: জনাব মোঃ আবুল কালাম, প্রাক্তন অফিস সহায়ক-এর আনুতোষিক ও মাসিক অবসরভাতা মঞ্জুরি।


যুব উন্নয়ন অধিদপ্তরাধীন শেরপুর জেলার নালিতাবাড়ী উপজেলা কার্যালয়ের অফিস সহায়ক জনাব মোঃ আবুল কালাম ২০-০৬-২০১৯খ্রি. তারিখে চাকুরি হতে অবসর গ্রহণ করেন। তার মোট পেনশনযোগ্য চাকুরিকাল ৩৪ বছর ০৬ মাস ১৫ দিন এবং তিনি বিধি মোতাবেক ৯০% হারে পেনশন প্রাপ্য। প্রত্যাশিত শেষ বেতন সনদ(ইএলপিসি) অনুযায়ী অবসর গ্রহণের অব্যবহিত পূর্বের তারিখে তার মূল বেতন ১৫,৪৬০/-টাকা। তিনি ১৫,৪৬০/-টাকার ৯০% হারে ১৩,৯১৪/-টাকা মোট অবসরভাতা প্রাপ্য। তিনি অবসরভাতা ১৩,৯১৪/-টাকার ১ম অর্ধাংশ ৬,৯৫৭/-টাকার বিনিময় হার ২৩০/-টাকা হিসেবে ৬,৯৫৭x২৩০=১৬,০০,১১০/-টাকা আনুতোষিক ও ২য় অর্ধাংশ ৬,৯৫৭/-টাকা হারে মাসিক অবসরভাতা প্রাপ্য।

২। বর্ণিত অবস্থায়, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ২৭-০১-২০০৯খ্রিঃ তারিখের অম/অবি/প্রবি-১/৩পি-২/২০০৫(অংশ-১)/৫ সংখ্যক স্মারকে জারিকৃত পেনশন মঞ্জুরী ও পরিশোধ বিধি ২০০৯ এর অনুচ্ছেদ-২.০৬ মোতাবেক আনুতোষিক ১৬,০০,১১০/- (ষোল লক্ষ একশত দশ) টাকা এবং মাসিক অবসরভাতা হিসেবে ৬,৯৫৭/- (ছয় হাজার নয়শত সাতান্ন) টাকা জনাব মোঃ আবুল কালাম-এর অনুকূলে পরিশোধের মঞ্জুরি অনুমোদনক্রমে প্রদান করা হলো।

৩। তার আনুতোষিক ও মাসিক অবসরভাতা পরিশোধের নিমিত্ত নিম্নলিখিত কাগজপত্র এসঙ্গে প্রেরণ করা হলো।

নং	বিবরণ	সংখ্যা
১	পেনশন ফরম-২.১	০১(এক)কপি
২	নমুন স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপ	০১(এক)কপি
৩	প্রাপ্তব্য পেনশনের বৈধ উত্তরাধিকারী ঘোষণাপত্র	০১(এক)কপি
৪	না-দাবী প্রত্যয়নপত্র	০১(এক)কপি
৫	প্রত্যাশিত শেষ বেতন সনদ(ইএলপিসি)	০১(এক)কপি
৬	অবসর উত্তর ছুটি(পিআরএল) মঞ্জুরি আদেশ	০১(এক)কপি
৭	মূল চাকুরি বহি	০১(এক)কপি

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ০৭(সাত) কপি।

  
(আ, ন, আহম্মদ আলী)  
যুগ্ম-সচিব  
পরিচালক(প্রশাসন ও অর্থ)  
ফোন: ৯৫৫০৮৬৩

উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা  
নালিতাবাড়ী, শেরপুর।

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.৪২.০০৯.১৮-

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ৩য় ফেইজ(৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।

২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, শেরপুর।


৩। সহকারী পরিচালক(আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (আদেশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।

৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, নালিতাবাড়ী, শেরপুর।

৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

৬। জনাব মোঃ আবুল কালাম, গ্রাম: ঘাগড়ালস্বর, ডাক: জুলগাঁও, উপজেলা: ঝিনাইগাতী, জেলা: শেরপুর।

৭। অফিস কপি।

  
তারিখ:-----খ্রি.

(মোঃ শাহাদাত হোসেন)  
নিরীক্ষা ও হিসাবরক্ষণ অফিসার  
ফোন: ৪৭১১০৬৭২